

রাজশাহী কলেজ, রাজশাহী

ডকেট নং ২২০

তারিখ ২২/০৩/২০২৫

স্থাপিত: ১৮৭৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী  
(সাধারণ শাখা)  
www.rajshahi.gov.bd

সি/ম জে.এ.এম.সি. মহোদয়ের কার্যালয়  
রাজশাহী

২২/০৩/২০২৫

স্মারক নং- ০৫.৪৩.৮১০০.০১৩.১০.০০১.২৪- ২৬৩

তারিখ : ২৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ  
১০ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয় : বিদ্যুৎ সাশ্রয়ে ব্যবহারের বিষয়ে ব্যাপক জনসচেতনতা ও বিভিন্ন উপায় সম্বলিত কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : ০১. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয়ের কার্যালয়ের ১৩.০২.২০২৫ খ্রি. তারিখের  
০৫.৪৩.০০০০.০০৮.১২.০০১.২৩.৫০ নম্বর স্মারক পত্র।  
০২. সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জালানী ও খনিজসম্পদ মন্ত্রণালয় এর ৩০.০১.২০২৫ খ্রি. তারিখের  
২৭.০০.০০০০.০৫১.১৬.০২০.২৪.৩১ নম্বর আধা-সরকারি পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে আসন্ন পবিত্র রমজান, গ্রীষ্মকাল এবং সেচ মৌসুমে নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণে সংযুক্ত কর্মপরিকল্পনা ও গাইডলাইন মোতাবেক জনসচেতনতামূলক ও বিদ্যুৎ সাশ্রয়ে কার্যক্রম গ্রহণের জন্য সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, উল্লিখিত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে ৪ (চার) পাতা

২০.৩.২৫

সহকারী কমিশনার  
সাধারণ শাখা

ফোন নং- ০২৫৮৮৮-৫৪২৭৮ (অফিস)

email: generalsection.raj@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী  
উন্নয়ন শাখা  
www.rajshahidiv.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.১২.০০১.২৩.৫০

তারিখ: ৩০ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
১৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণে বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা ও গাইডলাইন প্রেরণ  
সূত্র: বিদ্যুৎ বিভাগ, ঢাকার স্মারক নং-২৭.০০.০০০০.০৫১.১৬.০২০.২৪.৩১, তারিখ: ৩০/০১/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণে বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা ও গাইডলাইন এসাথে প্রেরণ করা হলো।

এসতাবস্থায়, উল্লিখিত কর্মপরিকল্পনা ও গাইডলাইন বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।  
বিবেচ্য সংযুক্তি: 31, 30 Jan 25 from department of electricity.pdf, সদয় দ্রষ্টব্য।



১৩-০২-২০২৫

প্রিয়াংকা দাস

সিনিয়র সহকারী কমিশনার

০২৫৮৮৮৬০৯১৮ (ফোন)

০২৫৮৮৮৫৭৫২৯ (ফ্যাক্স)

acdev\_divcom@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/টাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট।
- ২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি., রাজশাহী।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন, রাজশাহী।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বগুড়া জোন, বগুড়া।



২২৬  
০৬/০২/২০



বিভাগীয় কমিশনারের কার্যালয়: রাজশাহী	
চক্রে নং:	৩০/০২/২০
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সিএ)	
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সিএ)	
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সিএ)	
পরিচালক, স্থানীয় সরকার	
সচিব	
বিভাগীয় কমিশনার	

ফারজানা মমতাজ  
সচিব  
বিদ্যুৎ বিভাগ  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধা-সরকারি পত্র নম্বর: ২৭.০০.০০০০.০৫১.১৬.০২০.২৪. ৬২

তারিখ: ০৬ মাঘ ১৪৩১  
০৫ জানুয়ারি ২০২৫

স্বিঃ ৩২২০০১/

মানসম্মত ও নিরবচ্ছিন্ন বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণকল্পে উৎপাদন, সংকালন ও বিতরণ খাতের সমন্বিত উন্নয়ন এবং সাশ্রয়ী মূল্যে টেকসই ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে বিদ্যুৎ বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। পবিত্র রমজান মাস, গ্রীষ্মকাল ও সেচ মৌসুমে বিদ্যুতের চাহিদা তুলনামূলক বৃদ্ধি পেয়ে থাকে এবং এই অতিরিক্ত চাহিদা পূরণ করতে বিদ্যুৎ সরবরাহের উপর অতিরিক্ত চাপ পড়বে। ফলে এ পরিস্থিতি মোকাবিলায় সহজ ও সর্বোত্তম উপায় সচেতন ও সাশ্রয়ীভাবে বিদ্যুৎ ব্যবহার। উল্লেখ্য, ১ ইউনিট বিদ্যুৎ সাশ্রয়ের উপযোগিতা, ২.৫-৩ ইউনিট বিদ্যুৎ উৎপাদনের সমতুল্য।

০২। বিদ্যুৎ বিভাগ ইতোমধ্যে ১৫% বিদ্যুৎ সাশ্রয়ের বিভিন্ন উপায় সংবলিত একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে (কপি সংযুক্ত)। তৎপ্রেক্ষিতে স্থানীয় প্রশাসন, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, ব্যবসায়ী সমিতি, শিল্প-কারখানা ও সামাজিক সংগঠনগুলোর মধ্যে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণের মাধ্যমে বিদ্যুৎ গ্রাহকগণকে সাশ্রয়ী ব্যবহারে উদ্বুদ্ধ ও অনুপ্রাণিত করা প্রয়োজন। অতীতের মতো প্রসব পরামর্শ গ্রহণ করলে জনগণের মধ্যে বিদ্যুৎ সাশ্রয়ী ব্যবহারের বিষয়ে ব্যাপক সচেতনতা সৃষ্টি হবে এবং বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে উৎকর্ষ সাধিত হবে।

০৩। রমজান পবিত্র রমজান, গ্রীষ্মকাল এবং সেচ মৌসুমে নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণে সংশ্লিষ্ট কর্মপরিকল্পনা ও গাইডলাইন মোতাবেক জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণে আপনার সার্বিক সহযোগিতা ও সক্রিয়তা হৃদয়ঙ্গম প্রত্যাশা করছি। স্বঃ ৩২২০০১/

সংযুক্তি: বর্ণনামতে।

আন্তরিকভাবে আপনার,

ফারজানা মমতাজ  
৩০/০২/২০২৫

(ফারজানা মমতাজ)

খোন্দকার আজিম আবমেদ এনডিসি  
বিভাগীয় কমিশনার  
রাজশাহী।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সি এ আই)	রাজশাহী
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সি এ আই)	
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সি এ আই)	
সচিব	

বিদ্যুৎ বিভাগ এবং এর আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর, সংস্থা ও কোম্পানিসমূহ বিদ্যুতের দক্ষ ও সাশ্রয়ী ব্যবহারে জনসচেতনতা সৃষ্টি করে থাকে। বিদ্যুৎ সাশ্রয়ী ব্যবহারে জনগণ ও বিভিন্ন পর্যায়ের প্রতিষ্ঠানসমূহকে উৎসাহিত করা হচ্ছে। এ প্রেক্ষাপটে ১৫% বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ কর্তৃক একটি কর্ম-পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। এ কর্ম-পরিকল্পনাটি বাস্তবায়ন করা সম্ভব হলে ১৫% পর্যন্ত বিদ্যুৎ সাশ্রয় করা সম্ভব হতে পারে।

### ১৫% বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে কর্ম-পরিকল্পনা

বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্র	বিদ্যুৎ সাশ্রয়ে করণীয়
লাইটিং	বিদ্যুৎ সাশ্রয়ী LED বাল্ব ব্যবহার করা এবং কক্ষের আকৃতি অনুসারে নির্ধারিত স্লাজের ব্যাতি ব্যবহার করা।
	প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার হতে বিরত থাকা এবং অপ্রয়োজনে লাইট বন্ধ রাখা।
	বৈদ্যুতিক বাহুর উপরিভাগে ধূলাবালি জমলে এর উচ্ছলতা কমে যা। বিধায় বাল্বসহ লাইটিং সিস্টেম নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।
	দিনের আলোর (ডে-লাইট) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে প্রয়োজনে কক্ষের আসবাবপত্র পুনর্বিন্যস্ত করা।
ফ্যান	Energy Rating অনুযায়ী আধুনিক প্রযুক্তির বিদ্যুৎ সাশ্রয়ী ফ্যান ব্যবহার। অপ্রয়োজনে ফ্যান বন্ধ রাখা।
টেলিভিশন, ওভেন, ওয়াশিং মেশিন, রেডার ইত্যাদি	নিত্য প্রয়োজনে ব্যবহৃত টিভি, ওভেন, ওয়াশিং মেশিন, রেডার ইত্যাদির এনার্জি রেটিং দেখে ক্রয় ও ব্যবহার করা। অপ্রয়োজনে এ সকল যন্ত্রপাতির সুইচ বন্ধ রাখা।
কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, ক্যানার	কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, ক্যানার ইত্যাদির ব্যবহার করা হয় না এমন সময় সুইচ বন্ধ রাখা বা প্রয়োজ্য ক্ষেত্রে স্লিপ মুডে রাখা।
রেফ্রিজারেটর	গরম খাবার ঠান্ডা করার পর রেফ্রিজারেটরে সংরক্ষণ করা। পুরনো/অকেজো রেফ্রিজারেটরের পরিবর্তে প্রয়োজন হলে ইনভার্টার টেকনোলজিযুক্ত বিদ্যুৎ সাশ্রয়ী রেফ্রিজারেটর ক্রয় করা।
শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র	এসির তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখা (কারণ প্রতি ১ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা বাড়লে ১০ শতাংশ বিদ্যুৎ সাশ্রয় করা যায়)। প্রয়োজনে দীর্ঘক্ষণ পারাবাহিকভাবে এসি ব্যবহার না করা। এছাড়া শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের দক্ষ ব্যবহারের লক্ষ্যে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ও ফ্যান একসাথে চালিয়ে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস এর অধিক রাখা যেতে পারে।
	শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র সাশ্রয়ী ও দক্ষভাবে ব্যবহার করতে এবং সর্বাধিক স্বস্তি নিশ্চিত করতে কক্ষের দরজা-জানালাসহ বায়ু চলাচল স্থান যতদূর সম্ভব বন্ধ রাখা (যেমন: দরজার নিচ, ভেন্টিলেটর ইত্যাদি)।
	তাপপ্রবাহ রোধে কক্ষের পূর্বদিকের জানালার পর্দা সকাল ১০:০০ টা পর্যন্ত এবং পশ্চিম দিকের জানালার পর্দা দুপুর ২:০০ টার পর থেকে নামিয়ে রাখা, এতে কক্ষ অপেক্ষাকৃত ঠান্ডা থাকবে।
	শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র প্রতিবছর কমপক্ষে একবার সার্ভিসিং করা।
	পুরনো/অকেজো শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র পরিবর্তনের প্রয়োজন হলে ইনভার্টার টেকনোলজিযুক্ত বিদ্যুৎ সাশ্রয়ী শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ক্রয় করা।
গিজার	পানি গরমের ক্ষেত্রে গিজার কম সময় ব্যবহার করা। উদাহরণস্বরূপ, গিজার সর্বক্ষণ না চালিয়ে রেখে গোসল করার আধাঘণ্টা পূর্বে চালু করা।
পানির পাম্প ও ট্যাপ	বাসা-বাড়ির পানি উত্তোলনের জন্য Energy Rating অনুযায়ী বিদ্যুৎ সাশ্রয়ী পানির পাম্প ব্যবহার (প্রয়োজনে পানির ট্যাঙ্ক ব্যবহার)। পানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত করা যেমন: ভ্রাশ, শেড করার সময় পানির ট্যাপ খুলে না রাখা এবং গোসলের সময় বর্ণা ব্যবহার করা ইত্যাদি।
ইন্ড্রি	বৈদ্যুতিক ইন্ড্রির ব্যবহার সীমিত করা।

২

বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্র	বিদ্যুৎ সাশ্রমে করণীয়
শিল্প খাতে ফার্নেস অয়েল, কো-জেনারেশন, স্বয়ংস্বীয় ইত্যাদি	অনুমোদিত লোডের মধ্যে পিক ও অফ-পিক আওয়ার বিবেচনা করে বিদ্যুৎ ব্যবহার এবং পিক ও অফ-পিক মিটারের ব্যবহার নিশ্চিতকরণ।
	স্টীল মিল/রি-রোলিং মিলের ফার্নেস অয়েলের দক্ষতা বৃদ্ধি করা।
	কো-জেনারেশন উৎসাহিতকরণ।
	বৈদ্যুতিক যন্ত্রপাতির স্টার লেভেলিং কার্যক্রম গ্রহণ করা।
	বয়লারের দক্ষতা বৃদ্ধি করা।
	শিল্প খাতে বিদ্যুতের অদক্ষ ব্যবহার পরিহার করার লক্ষ্যে নিয়মিত এনার্জি অডিট করা এবং সে আলোকে দক্ষ যন্ত্রপাতির ব্যবহার নিশ্চিত করা।
সেচ পাম্পসমূহ	সেচ পাম্পসমূহ পিক আওয়ারে না চালিয়ে অফ পিক আওয়ারে (রাত ১১টা হতে পরদিন ভোর ৬টা) চালানো এবং প্রয়োজনীয় ক্ষেত্রে বাতীত সেচ পাম্প বন্ধ রাখা।
	সেচ মেশিনে বিদ্যুতের সাশ্রম বা বিদ্যুৎ ব্যবহার হ্রাসের জন্য কৃষি কাজে wet & dry পদ্ধতি প্রয়োগ করা।
	সেচ বিদ্যুৎ চালিত সেচ যন্ত্র ব্যবহার।

০৪/০২/০২৭

মোহাম্মদ সানাউল হক  
 সুপারভাইজার  
 বিদ্যুৎ বিভাগ  
 বিদ্যুৎ, গ্যাস ও হিট রিসোর্স বিভাগ  
 বাংলাদেশ বিদ্যুৎ কর্তৃপক্ষ



“সাশ্রয়ে জ্বালানি, সমৃদ্ধ আগামী”

বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ও সাশ্রমী ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা

ক্রমিক নং	বিদ্যুৎ/জ্বালানি ব্যবহারের ক্ষেত্রসমূহ	জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রম
১.	লাইটিং	অপ্রয়োজনে লাইটের ব্যবহার পরিহার করুন। প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার হতে বিরত থাকুন। নির্ধারিত উজ্জ্বলতা বজায় রাখতে ট্যাক লাইটিং সিস্টেম (যেমন: এলইডি স্পট লাইট, টেবিল ল্যাম্প ইত্যাদি) ব্যবহার করুন। দিনের ভাগের (ডে-লাইট) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে প্রয়োজনে কক্ষের আসবাবপত্র পুনর্বিন্যস্ত করুন। বৈদ্যুতিক বাত্বের উপরিভাবে শূন্যাবালি জমলে এর উজ্জ্বলতা কমে যায় বিধায় বাত্বসহ লাইটিং সিস্টেম নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখুন। বিদ্যুৎ সাশ্রমী এবং জ্বালানি দক্ষ লাইটিং সিস্টেম (যেমন: ইনক্যান্ডেসেন্ট/ সিএফএল লাইটের পরিবর্তে বিদ্যুৎ সাশ্রমী এলইডি লাইট) ব্যবহার করুন।
২.	শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র	অপ্রয়োজনে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র বন্ধ রাখুন। শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের তাপমাত্রা ২৬ ডিগ্রি সেলসিয়াস বা এর উপরে রাখুন, কারণ প্রতি ১ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা বাড়ালে ১০ শতাংশ বিদ্যুৎ সাশ্রয় করা যায়। শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র সাশ্রমী ও দক্ষভাবে ব্যবহার করতে এবং সর্বাধিক স্বাস্থ্য নিশ্চিত করতে কক্ষের দরজা জানালাসহ বায়ু চলাচল স্থান যতদূর সম্ভব বন্ধ রাখুন, যেমন: দরজার নীচ, ভেন্টিলেটর ইত্যাদি। তাপপ্রবাহ রোধে কক্ষের পূর্বদিকের জানালার পর্দা সকাল ১০:০০ টা পর্বর এবং পশ্চিম দিকের জানালার পর্দা দুপুর ২:০০ টার পর থেকে নামিয়ে রাখুন, এতে কক্ষ অভ্যন্তরে তাপ জমা হবে। শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের বিদ্যুৎ খরচ কমাতে একরাত পরিষ্কার করুন। শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের সঠিকভাবে ব্যবহার করুন। কক্ষের তাপমাত্রা নিয়ন্ত্রণ করতে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যবহার করুন।
৩.	রেফ্রিজারেটর	গরম খাবার ঢাকা কব্জার পর রেফ্রিজারেটরে সংরক্ষণ করুন। পুরনো/ অকেজো রেফ্রিজারেটর পরিবর্তনের প্রয়োজন হলে ইনভার্টার টেকনোলজির বিদ্যুৎ সাশ্রমী রেফ্রিজারেটর ক্রয় করুন। অপ্রয়োজনে ফ্যান বন্ধ রাখুন।
৪.	ফ্যান	পুরনো/ অকেজো ফ্যান পরিবর্তনের প্রয়োজন হলে বাজারে প্রাপ্য সাপেক্ষে বিদ্যুৎ সাশ্রমী (যেমন: বিএলডিসি ফ্যান) ফ্যান ক্রয় করুন।
৫.	গ্যাসের চুলা	অপ্রয়োজনে গ্যাসের চুলা বন্ধ রাখুন। রান্নার সময় পাত্র ঢেকে রান্না করুন। সম্ভব হলে রান্নার জন্য প্রেশার কুকার ব্যবহার করুন।
৬.	জন্যান	বৈদ্যুতিক ইঞ্জিন ব্যবহার সীমিত করুন। প্রয়োজন না হলে মাইক্রোওয়েভ, কম্পিউটার, টিভি, ওভেন, প্রিন্টার, ফটোকপিয়ার, চার্জার, হ্যান্ড ড্রামার ইত্যাদি যন্ত্রপাতির সুইচ বন্ধ রাখুন। সম্ভব হলে প্রাত্যহিক কার্যক্রম যেমন: আহার গ্রহণ, টিভি দেখা ইত্যাদি পরিবারের সকলে একসাথে করুন। এতে বিদ্যুৎ ব্যবহার সীমিত রাখা যায়।

বিদ্যুৎ সাশ্রয়ে উল্লিখিত কার্যক্রমসমূহ প্রতিপালন করুন এবং দেশের মূল্যবান জাতীয় সম্পদ সংরক্ষণে  
দায়িত্বশীল ও গৌরবময় ভূমিকা রাখুন।

সচেতনতায়-

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেডা)  
১০ম ফ্লোর, আইইবি ভবন, রমনা, ঢাকা- ১০০০





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ  
আইইবি ভবন (৯ম ও ১০ম ফ্লোর), রমনা, ঢাকা  
[www.sreda.gov.bd](http://www.sreda.gov.bd)

## “সাপ্রয়ে জ্বালানি, সমৃদ্ধ আগামী”

সরকারি অফিস ভবনে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার সংক্রান্ত সমন্বিত গাইডলাইন

ক্রমিক নং	বিদ্যুৎ/জ্বালানি ব্যবহারের ক্ষেত্রসমূহ	জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমসমূহ
১	লাইটিং	ক) জ্বালানি দক্ষ লাইটিং সিস্টেম ব্যবহার করা, যথা: Incandescent বা CFL লাইটের পরিবর্তে অধিকতর জ্বালানি সাশ্রয়ী LED লাইট ব্যবহার করা।
		খ) লাইটিং সিস্টেমে Fixure/Casing/Reflector ব্যবহার করার ক্ষেত্রে High Reflection Coefficient এর রং ব্যবহার করা, এতে আলোর উজ্জ্বলতা (Luminosity) বৃদ্ধি পায়।
		গ) কমন স্পেস যেমন: সিঁড়ি/ওয়াশ রুম/ ওয়েটিং রুম/ করিডোর ইত্যাদিতে Motion Sensor নির্ভর লাইটিং সিস্টেম ব্যবহার করা, এতে বিদ্যুতের অপয়োজনীয় ব্যবহার রোধ করা যায়।
		ঘ) Bangladesh National Building Code (BNBC) এ উল্লিখিত কার্যক্রমভিত্তিক নির্ধারিত মাত্রার উজ্জ্বলতা (LUX Level) বজায় রাখা।
		ঙ) বৈদ্যুতিক বাতের উপরিভাবে ধূলাবালি জমলে এর উজ্জ্বলতা কমে যায় বিধায় বাল্বসহ লাইটিং সিস্টেম নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।
		চ) অফিসের ডেস্কে নির্ধারিত উজ্জ্বলতা (LUX level) বজায় রাখতে টাস্ক লাইটিং (Task Lighting) সিস্টেম ব্যবহার করা।
		ছ) দিনের আলোর (Day Lighting) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা।
		জ) কাজের ধরণ বিবেচনায় প্রযোজ্য লাইটিং লোড নির্বাচন করা।
		ঝ) অপয়োজনে লাইটের ব্যবহার পরিহার করা।
		২
খ) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যবহারের সময় তাপনিরোধক ভাবে কক্ষের দরজা, জানালা বন্ধ রাখা।		
গ) তাপপ্রবাহ রোধে জানালায় Double Glazed/ Low Emission Glass/ পর্দা ব্যবহার করা।		
ঘ) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ফিল্টার মাসে কমপক্ষে একবার পরিষ্কার করা।		
ঙ) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র প্রতি বছর কমপক্ষে একবার সার্ভিসিং করা।		
চ) পাইপলাইন বা Duct এর তাপ নিরোধক ইনসুলেশন ব্যবস্থা বছরে কমপক্ষে একবার এবং leakage প্রতি মাসে কমপক্ষে একবার পরীক্ষা করা।		
ছ) উচ্চতর Energy Efficiency Ratio (EER)/ Coefficient of Performance (COP) এর জ্বালানি দক্ষ Inverter Technology সমন্বিত শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যবহার		

অ. প. দ.

ক্রমিক নং	বিদ্যুৎ/জ্বালানি ব্যবহারের ক্ষেত্রসমূহ	জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমসমূহ
		করা। পর্যায়ক্রমে একেজো ঘোষিত শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের বিপরীতে ও নতুন ফ্রেমের ক্ষেত্রে উচ্চতর EER/COP সমূহ শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ক্রয় করা যেতে পারে।
		জ) অপ্রয়োজনে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র বন্ধ রাখা।
৩.	রেফ্রিজারেটর	জ্বালানি দক্ষ Inverter Technology সম্বলিত রেফ্রিজারেটর ব্যবহার করা।
৪	ফ্যান	বাজারে প্রাপ্যতা সাপেক্ষে জ্বালানি সাশ্রয়ী (যেমন: BLDC ফ্যান) এবং উচ্চতর সার্ভিস ভ্যালুর (m <sup>3</sup> /min/W) ফ্যান ব্যবহার করা।
		খ) অপ্রয়োজনে ফ্যান বন্ধ রাখা।
		ক) Idle অবস্থায় ডেস্কটপ কম্পিউটার/ ল্যাপটপ সমূহ Power Saving Mode এ রাখা।
		খ) ডেক্স ডিভিক প্রিন্টার, ফটোকপিয়ার এবং ফ্যানার ব্যবহারের পরিবর্তে কেন্দ্রীয়ভাবে নেটওয়ার্ক সংযোগের মাধ্যমে স্বল্প সংখ্যক যন্ত্রপাতি ব্যবহারকে উৎসাহিত করা।
		গ) ব্যক্তি পর্যায়ে মাইক্রোওয়েভ ওভেন ব্যবহারের পরিবর্তে গুণভিত্তিক ব্যবহারকে উৎসাহিত করা।
		ঘ) অপ্রয়োজনে যন্ত্রপাতি বন্ধ রাখা।
৬	নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার	জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম গ্রহণের পাশাপাশি নিজস্ব বিদ্যুৎ চাহিদার সম্পূর্ণ/আংশিক (BNBC অনুযায়ী বিদ্যুৎ চাহিদার ন্যূনতম ৩%) সরবরাহের লক্ষ্যে অফিস ভবনের বুকটপে অথবা অফিস প্রাক্ষণের ফাঁকা জায়গায় নবায়নযোগ্য জ্বালানির উৎস (যেমন: সৌর শক্তি) থেকে বিদ্যুৎ উৎপাদনের উদ্যোগ গ্রহণ করা। এক্ষেত্রে শ্রেজ কর্তৃক প্রণীত নেট মিটারিং গাইডলাইন অনুসরণ করা যেতে পারে।
		ভবনে বিদ্যুৎ ও জ্বালানির ব্যবহার স্বাব্দা তদারকির জন্য IoT Based Building Energy Management System (BEMS) চালু করণে উৎসাহ প্রদান।

সচেতনতায়-

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেজ)

১০ম ফোর, আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০

